



## চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪৩৪৯।

স্মারক নং:-/চুয়েট/ভিসি অফিস/ কো-অর্ডিনেশন-১৭/১৯৯৮

১৬ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ  
৩১ জুলাই, ২০২৪ খ্রি:।

### -:বিজ্ঞপ্তি:-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে এ বিশ্ববিদ্যালয়ে গঠিত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৫ আগস্ট, ২০২৪ খ্রি:, বৃহস্পতিবার "স্বাধীনতার মহান ছুপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৯তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস" যথাযোগ্য মর্যাদায় পালনের নিমিত্তে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম উক্ত দিবসের অনুষ্ঠানসমূহে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি প্রদান করেছেন।  
অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীকে উক্ত কর্মসূচিগুলোতে অংশগ্রহণপূর্বক অনুষ্ঠানমালাকে সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ক্রমিক	কর্মসূচি	স্থান	তারিখ ও সময়
১.	মাসব্যাপী কালো ব্যাজ ধারণ।	স্ব-স্ব বিভাগ/অফিস/শাখা, চুয়েট।	আগস্ট মাস, ২০২৪ খ্রি:
২.	মাসব্যাপী এলইডি ডিসপ্লে-তে প্রামাণ্যচিত্র প্রদর্শন।	উপাচার্য অফিস ভবনের সম্মুখে।	আগস্ট মাস, ২০২৪ খ্রি:
৩.	শোকের প্রতীক কালো ব্যাজ ধারণ, কালো পতাকা উত্তোলন ও জাতীয় পতাকা অর্ধগনমিতকরণ।	উপাচার্য অফিস ভবনের সম্মুখে।	১৫/০৮/২০২৪ খ্রি. সকাল ৯:০০ ঘটিকা
৪.	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।	স্বাধীনতা চত্বর সংলগ্ন বঙ্গবন্ধুর ম্যুরাল প্রাঙ্গণ, চুয়েট।	১৫/০৮/২০২৪ খ্রি. সকাল ৯:১০ ঘটিকা
৫.	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবন ও কর্মের উপর আলোচনা সভা।	একাডেমিক কাউন্সিল কক্ষ, প্রশাসনিক ভবন, চুয়েট।	১৫/০৮/২০২৪খ্রি. সকাল ৯:৩০ ঘটিকা
৬.	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ই আগস্টে অন্যান্য শাহাদাতবরণকারী শহিদদের আত্মার মাগফেরাত কামনায় বিশেষ দোয়া মাহফিল।	বাদ জোহর, কেন্দ্রীয় জামে মসজিদ, চুয়েট।	১৫/০৮/২০২৪ খ্রি. বেলা ১:৪৫ ঘটিকা


### বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য কর্মসূচি

ক্রমিক	কর্মসূচি	আয়োজক
১.	বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য রচনা প্রতিযোগিতা।	ছাত্রকল্যাণ অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

### শিশু-কিশোরদের জন্য কর্মসূচি


ক্রমিক	কর্মসূচি	আয়োজক
১.	শিশু-কিশোরদের জন্য রচনা প্রতিযোগিতা	স্টাফ ওয়েলফেয়ার কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
২.	শিশু-কিশোরদের জন্য চিত্রাঙ্কন প্রতিযোগিতা	স্টাফ ওয়েলফেয়ার কমিটি, চুয়েট।
৩.	শিশু-কিশোরদের জন্য কবিতা পাঠের আসর	স্টাফ ওয়েলফেয়ার কমিটি, চুয়েট।

\*\*\* অনুষ্ঠানে অংশগ্রহণের নিমিত্তে ১৫/০৮/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ৭:৪৫টায় ঘটিকায় চট্টগ্রাম শহর থেকে এবং ৮:৪৫ টায় আবাসিক গোলচত্বর থেকে প্রয়োজনীয় সংখ্যক যানবাহন ছেড়ে আসবে এবং আলোচনা অনুষ্ঠান শেষে পুনরায় স্ব স্ব স্থানে প্রত্যাবর্তন করবে।

  
(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)  
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)  
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

### অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- সকল ডীন/ পরিচালক/বিভাগীয় প্রধান/প্রভোস্ট/ অফিস প্রধান/শাখা প্রধান, চুয়েট (ইহা তাঁর বিভাগ ও অফিসের সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধ সহকারে)।
- পরিচালক, আইআইসিটি, অত্র বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- সভাপতি, যানবাহন পরিচালনা কমিটি, চুয়েট (উল্লিখিত সময়সূচী অনুযায়ী শহর থেকে এবং ক্যাম্পাস থেকে অনুষ্ঠানে অংশগ্রহণের সুবিধার্থে প্রয়োজনীয় সংখ্যক গাড়ির ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- প্রধান প্রকৌশলী, চুয়েট। (উল্লিখিত সময়সূচী অনুযায়ী জাতির পিতার ম্যুরাল প্রাঙ্গণে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান পরিচালনা এবং একাডেমিক কাউন্সিল কক্ষে আলোচনা সভার জন্য সাউন্ড সিস্টেম ও বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা এবং জাতির পিতার ম্যুরাল প্রাঙ্গণে সকাল থেকে জাতির পিতা বঙ্গবন্ধুর ভাষণ সম্প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- নিরাপত্তা উপদেষ্টা ও সহকারী পরিচালক (নিরাপত্তা), চুয়েট। (উল্লিখিত সময়সূচী অনুযায়ী জাতির পিতার ম্যুরাল প্রাঙ্গণ পরিষ্কারকরণ, প্রয়োজনীয় পুষ্পস্তবক তৈরির ব্যবস্থা, কালো পতাকা উত্তোলন ও জাতীয় পতাকা অর্ধগনমিতকরণের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- সভাপতি, মসজিদ পরিচালনা কমিটি (জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ই আগস্টে অন্যান্য শাহাদাতবরণকারী শহিদদের আত্মার মাগফেরাত কামনায় বাদে জোহর বিশেষ দোয়া মাহফিল আয়োজনের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- সভাপতি ও সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি, কর্মচারী সমিতি/স্টাফ এসোসিয়েশন, স্টাফ ওয়েলফেয়ার কমিটি, চুয়েট-ক্লাব এবং কর্মচারী ক্লাব, চুয়েট।
- সিনিয়র পেশ ইমাম, চুয়েট(আলোচনা অনুষ্ঠানের শুরুতে কোরআন তেলাওয়াত এবং দোয়া ও মোনাজাত পরিচালনার নিমিত্তে উপস্থিত থাকার অনুরোধ সহকারে)
- সহকারী রেজিস্ট্রার (সমন্বয়), চুয়েট (উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- জনসংযোগ কর্মকর্তা উক্ত অনুষ্ঠানের সংবাদচিত্র ওয়েবসাইটসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- পিও টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- সকল বিজ্ঞপ্তি ফলক, চুয়েট।

  
(মোহাম্মদ ফজলুর রহমান)  
উপ-পরিচালক (জনসংযোগ)  
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।